গাংনী পৌর এলাকায় বিট পুলিশিং এর উদ্বোধন

বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি, এই প্রতিপাদ্য কে সামনে রেখে গাংনী পৌরসভার ১,২ ও ৩ ওয়ার্ড নিয়ে ১ নং বিট এবং ৪,৫. ও ৬ নং ওয়ার্ড নিয়ে ২ নং বিট এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয় । ১ নং বিট উদ্বোধনী অনুষ্ঠানে ১ নং বিটের ইনচার্জ গাংনী থানার এস আই মোঃ হাবিবুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানার অফিসার ইনচার্জ মোঃ ওবায়দুর রহমান, ।

গাংনী থানার ওসি (তদন্ত) মোঃ সাজেদুল ইসলাম এর সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য রাখেন স্বেচ্ছাসেবক লীগের জেলা কমিটির সদস্য মোঃ মোকলেচুর রহমান, পৌর কমিশনার আসাদুজ্জামান, মিজানুর রহমান মিজান, মিজানুর রহমান মদন, সাংবাদিক রফিকুল আলম বকুল । সংরক্ষিত কমিশনার ফরিদা পারভিন, সাবেক কমিশনার মোঃ শামসুদ্দিন ।

অনুষ্ঠানে গাংনী পৌরসভার ১,২ ও ৩ নং ওয়াডের বিভিন্ন শ্রেনিপেশার মানুষ অংশ গ্রহন করেন। প্রধান অতিথির বক্তব্যে গাংনী থানার অফিসার ইনচার্জ মোঃ ওবায়দুর রহমান বলেন, ৯টি ইউনিয়নে ৯টি বিট এবং গাংনী পৌরসভার ৯ টি ওয়ার্ড কে ৩ টি করে ওয়ার্ডে ভাগ করে সমাজের ছোট অপরাধগুলো থানায় না গিয়ে ও একজন বিট অফিসারের নেতৃত্বে পরিচালিত হবে । তিনি আরও বলেন, সমাজ থেকে সকল অপরাধ দূর করা পুলিশের একার পক্ষে সম্ভব না ।

আপনাদের সহযোগিতা নিয়ে গাংনীর আইনশৃঙ্খলা পরিস্থিতি ও মাদকসহ সকল অপরাধ নিয়ন্ত্রণে পুলিশ আপনার পাশে থাকবে । পুলিশকে ঠিক তথ্য দিয়ে সহযোগিতা করার আহবান জানান।

গাংনীতে গৃহবধুকে হত্যার অভিযোগ, মামলা হলো অপমৃত্যু’র!

মেহেরপুরের গাংনীর চেংগাড়া গ্রামের শাকিল আহমেদের বিরুদ্ধে গৃহবধু নাসিমা খাতুনকে শ্বাসরোধ করে হত্যার অভিযোগ উঠলেও শেষ পর্যন্ত অপমৃত্যু’র মামলা করেছে পুলিশ।

রবিবার রাতে পুলিশ বাদী হয়ে অপমৃত্যু’র মামলাটি দায়ের করেন। নাসিমার মৃত্যু’র পর থেকে শাকিল পলাতক রয়েছে। গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান,নাসিমা খাতুনের মরদেহের সুরত হাল শেষে তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

প্রাথমিক অবস্থায় ইউডি (অপমৃত্যু) মামলা হয়েছে। ময়না তদন্তে হত্যা করা হয়েছে এমন প্রতিবেদন আসলে তখন হত্যা মামলা নেয়া হবে। নিহতের স্বজনরা জানান,নাসিমা খাতুনের লাশ স্থানীয় কবরস্থানে দাফন করা হয়েছে। নাসিমার করুন মৃত্যুতে শোকের ছায়া নেমেছে অসহায় পরিবারটিতে। পরিবার ও স্থানীয়দের দাবি যথাযথ নিরপেক্ষ তদন্তের মাধ্যমে অভিযুক্তদের দৃষ্টান্ত মুলক শাস্তি হোক। কোন অপশক্তির কালো থাবায় যেন তদন্ত ও ন্যায় বিচার থেকে নাসিমার স্বজনরা বঞ্চিত না হয়।

উল্লেখ্য: গত রবিবার সকালে চেংগাড়া প্রাথমিক বিদ্যালয় পাড়ার শাকিলের বিরুদ্ধে যৌতুক না দেওয়ায় তার স্ত্রী নাসিমা খাতুনকে শ্বাসরোধ করে হত্যার অভিযোগ উঠে। নিহত গৃহবধু নাসিমা খাতুন চেংগাড়া গ্রামের হারুন অর রশিদ বাবুর মেয়ে।

নাসিমা ১ বছর পুর্বে চেংগাড়া গ্রামের শাকিলের সাথে তার মেয়ে নাসিমার বিয়ে হয়। বিয়ে হওয়ার পর থেকে যৌতুকের জন্য মেয়ের উপর অমানবিক নির্যাতন করে আসছিলো। যৌতুকের টাকা না পেয়ে ও শাকিলের পরোকিয়া প্রেমে বাধা দেওয়ার কারনেই নাসিমা খাতুনকে শ্বাসরোধ করে হত্যা করা হয় বলে অভিযোগ করা হয়।

গাংনীতে ইউপি সদস্য’র বিরুদ্ধে প্রতিবন্ধী ও বয়স্ক ভাতার টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে মানববন্ধন

মেহেরপুরের গাংনীতে ইউপি সদস্য’র বিরুদ্ধে প্রতিবন্ধী ও বয়স্ক ভাতার টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় রাইপুর ইউপির ৩ নং ওয়ার্ডের সদস্য বকুল হোসেনের বিচারের দাবিতে সোমবার বিকাল সাড়ে ৫ টায় ঝোড়পাড়া গ্রামে মানববন্ধন করেছে এলাকাবাসি। মানববন্ধনে ঝোড়পাড়া গ্রাম আওয়ামীলীগের সাবেক সভাপতি আব্দাল হক,৩ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক ময়নাল হক,৩ নং ওয়ার্ড যুবরীগ সভাপতি কুতুব আলী,ইউপি ছাত্রলীগের সহ সভাপতি কালাম হোসেন,ইউপি তাঁতীলীগের সভাপতি তারিক হাসান সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ অংশ নেয়। মানববন্ধনে যুবলীগ কর্মী সাদ্দাম হোসেনের বিরুদ্ধে মিথ্যা মামলা প্রত্যাহার সহ তার মুক্তি দাবি করা হয়।

ঝোড়াপাড়া গ্রাম আওয়ামীলীগের সাবেক সভাপতি আব্দাল হক বলেন,তার মা আকলিমা খাতুনের কাছ থেকে বয়স্ক ভাতার উত্তোলনের পর ১ হাজার টাকা হাতিয়ে নিয়েছে ইউপি সদস্য বকুল হোসেন। এছাড়া নানা অনিয়ম,বয়স্ক,বিধবা ও প্রতিবন্ধী ভাতার টাকা হাতিয়ে নেওয়ার ঘটনা প্রতিবাদ করায় ইউপি সদস্য বকুলের ইন্দনে যুবলীগ কর্মী সাদ্দাম হোসেনের বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন আইনে মিথ্যা মামলা করা হয়েছে। অবিলম্বে যুবলীগ কর্মী সাদ্দাম হোসেনের মামলা প্রত্যাহার পূর্বক তার মুক্তি ও অভিযুক্ত বকুল মেম্বরের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া না হলে কঠোর কর্মসূচী দেয়া হবে।

৩ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক ময়নাল হক বলেন,বকুল হোসেন ইউপি সদস্য নির্বাচিত হওয়ার পর থেকে আওয়ামীলীগের নাম ভাঙ্গিয়ে লুটপাট ও আওয়ামীলীগ ও যুবলীগ কর্মীদের বিরুদ্ধে মিথ্যা মামলা দেয়া সহ নানা ভাবে হয়রানী করে আসছে। এছাড়া তার বিরুদ্ধে বয়স্ক,বিধবা ও প্রতিবন্ধীর টাকা লুটপাটের অভিযোগ রয়েছে। এসব

অভিযোগ তদন্ত করে ব্যবস্থা নিতে জেলা,উপজেলা আওয়ামীলীগের নেতৃবৃন্দ সহ প্রশাসনের দৃষ্টি কামনা করেন তিনি। তিনি বলেন ইউপি সদস্য বকুল হোসেনের ষড়যন্ত্রের কারনে মিথ্যা মামলায় যুবলীগ কর্মী সাদ্দাম হোসেন জেল হাজতে রয়েছে অবিলম্বে তার মুক্তি ও মামলা প্রত্যাহারের দাবি করেন।

প্রতিবন্ধী নজরুল ইসলাম ও জামাল হোসেন জানান, ব্যাংক থেকে টাকা উত্তোলনের পরপরই ইউপি সদস্য বকুল হোসেন ও তার সহযোগি সমর নামের এক ব্যক্তি ১ হাজার করে মোট দুজার টাকা নিয়েছে। টাকা দিতে না চাইলে তালিকা থেকে নাম বাদ দেওয়ার হুমকি দেন একারনে টাকা দিতে বাধ্য হয়েছি। তদন্ত করে দেখেন অন্তত শতাধিক বয়স্ক,বিধবা ও প্রতিবন্ধীর কাছ থেকে টাকা হাতিয়ে নিয়েছে। যখনই টাকা উত্তোলন করা হয় তখনই ইউপি সদস্য বকুল হোসেনকে টাকা দিতে হয়।

এ বিষয়ে ইউপি সদস্য বকুল হোসেন জানান,চেয়ারম্যান নিজে হাতে বই দেয়। টাকা পয়সা লেনদেন হয়না। মাইকের মাধ্যমে টাকা না দিতে ঘোষনা দেয়া হয়। সাদ্দাম হোসেন মামলার সময় তিনি ঢাকায় ছিলেন একারনে কিছু জানিনা।

রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু বলেন,বিভিন্ন ভাতার কার্ড প্রতিটা ওয়ার্ডের সমতার ভিত্তিতে বরাদ্দ দেওয়ার পাশাপাশি কোন ইউপি সদস্যকে টাকা না দিতে ভুক্তভুগীদের অনুরোধ করা হয়। গ্রামের একটি মামলাকে কেন্দ্র করে এসব ঘটনার সৃষ্টি হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ বলেন লিখিত অভিযোগ পেলে ইউপি সদস্য’র বকুল হোসেনের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

ভেড়ামারায় পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু

কুষ্টিয়ার ভেড়ামারায় পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে।

শনিবার দুপুর ১টার দিকে তাদের মৃতদেহ উদ্ধার করেছে এলাকাবাসী। উপজেলার মোকারিমপুর ইউনিয়নের ক্ষেমিরদিয়াড় বিলপাড়া এলাকায় এ ঘটনা ঘটেছে।

স্থানীয়রা জানায়, ক্ষেমিরদিয়াড় বিলপাড়া এলাকায় জিল্লুর রহমানের ছেলে মুরসালিন (৭) ও সুজন ইসলামের ছেলে আবরার আরাফাত (৫) খেলতে গিয়ে বাড়ির পার্শ্ববর্তী খালের পানিতে ডুবে যায়।

পরে তাদের ভাসমান অবস্থায় দেখতে পেয়ে এলাকাবাসী উদ্ধার করে ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন। মৃত শিশুরা সম্পর্কে চাচাত ভাই। দুই শিশুর মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

কুষ্টিয়ায় ট্রাক চাপায় মোটরসাইকেল আরোহী নিহত

কুষ্টিয়ার দৌলতপুরে ট্রাক চাপায় রাসেল (২৪) নামে মোটরসাইকেল আরোহী যুবক নিহত হয়েছে এবং আহত হয়েছে তার সাথে থাকা মোটরসাইকেল আরোহী রুবেল (২২)।

আজ সোমবার দুপুর পৌনে ১টার দিকে দৌলতপুর উপজেলার হোসেনাবাদ মাঠের মধ্যে ব্রীজের সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত রাসেল উপজেলার প্রাগপুর ইউনিয়নের মুসলিমনগর গ্রামের রফিকুল ইসলামের ছেলে। আহত রুবেল একই গ্রামের মুসা কলিমের ছেলে। তাকে দৌলতপুর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

দৌলতপুর থানার ওসি নিশিকান্ত সরকার জানান, রাসেল ও তার বন্ধু রুবেল মোটরসাইকেল যোগে মথুরাপুর থেকে হোসেনাবাদ যাওয়ার পথে কুষ্টিয়া-প্রাগপুর সড়কের হোসেনাবাদ মাঠের মধ্যে ব্রীজের সামনে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা দ্রুতগামী একটি ট্রাকের সাথে সংঘর্ষ হয়।

এতে মোটরসাইকেল চালক রাসেল ট্রাকের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই

মারা যায় এবং রুবেল রাস্তায় ছিটকে পড়ে গুরুতর আহত হয়। তাকে উদ্ধার করে দৌলতপুর হাসপাতালে ভতি করা হয়েছে। নিহত রাসেলের মরদেহ উদ্ধার করে মর্গে প্রেরণ করা হয়েছে। ঘাতক ট্রাকটি আটক করা হয়েছে।

কুষ্টিয়ায় দেবর-ভাবী’র যাবজ্জীবন এবং কিশোরের কারাদন্ড

কুষ্টিয়ার দৌলতপুর থানার প্রবাসীর স্ত্রী’র সাথে অনৈতিক সম্পর্ক ও ব্লাক মেইলের জেরে রনি (৩০) নামের যুবক হত্যা মামলায় দেবর সজিব হোসেন(৩২) ও ভাবী সীমা খাতুন(২৫) এর যাবজ্জীবন এবং কুষ্টিয়া মডেল থানার ঢ়অ ছাত্র আসলান জেলিন হত্যাদায়ে ঢ়একটি বাড়ি আহম্মেদ ওরফে কানা তুষার (১৬)কে ১০বছরের কারাদন্ড দিয়েছেন আদালত।

সোমবার দুপুরে কুষ্টিয়া জেলা ও দায়রা জজ আদালতের বিচারক অরূপ কুমার গোস্বামী এবং নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ আদালতের বিচারক মুন্সী মো: মশিয়ার রহমান জনাকীর্ণ আদালতে আসামীদ্বয়ের উপস্থিতিতে এই রায় ঘোষনা করেন।

আদালত সূত্রে জানা যায়, ২০১৮ সালের ২৪ জানুয়ারী সন্ধা ৭টায় দৌলতপুর উপজেলার হায়দারের চর গ্রামের নাহারুল ইসলামের ছেলে রনি
(৩০) নিজ বাড়ি থেকে পাশ্ববর্তী সোনাইকুন্ডি বাজারে যাওয়ার পর থেকে নিখোঁজ হয়। নিখোঁজের এক সপ্তাহ পর ০১ ফেব্রুয়ারী বেলা সাড়ে ৩টায় উপজেলার ৬নং চিলমারি ইউনিয়নের উদয়নগরস্থ পদ্মা নদীর চর থেকে নিহত যুবক রনির অর্ধগলিত লাশ উদ্ধার করে পুলিশ।

এই এঘটনায় নিহতের পিতা নাহারুল ইসলাম বাদি হয়ে দৌলতপুর থানায় অজ্ঞাত আসামীদের বিরুদ্ধে হত্যা মামলা করেন। মামলাটি তদন্ত শেষে আদালতে অভিযোগপত্র দাখিল করেন পুলিশ। সেখানে তদন্ত প্রতিবেদনে হত্যার রহস্য উদঘাটনে উল্লেখ করা হয়েছে, প্রবাসী আফাজ উদ্দিনের স্ত্রী সীমা খাতুনের সাথে যুবক রনি সম্পর্ক তৈরী হয় যা দৈহিক

সম্পর্ক পর্যন্ত গড়ায়। রনি তাদের দুজনের মধ্যে গড়ে উঠা সম্পর্কের বিষয়গুলি মোবাইলে ধারণ করে গৃহবধু সীমা খাতুনকে ব্লাক মেইল করে অর্থ হাতিয়ে নিতে থাকে। এক পর্যায়ে রনির ডিমান্ড বাড়তে থাকে, এতে ক্ষুব্ধ সীমা খাতুন বিষয়টি তার দেবর সজিব হোসেনকে খুলে বলেন এবং সাহায্য চায়। পরে ভাবী-দেবরের যোগসাজসে পরিকল্পিত ভাবে যুবক রনিকে হত্যা করে।

কুষ্টিয়া জেলা ও দায়রা জজ আদালতের কৌশুলী (পিপি) এ্যাড. অনুপ কুমার নন্দী সত্যতা নিশ্চিত করে বলেন, দৌলতপুর থানার প্রতিবেশী যুবক রনি হত্যা মামলার আসামী সজিব হোসেন ও সীমা খাতুনের বিরুদ্ধে আনীত অভিযোগে চার্জ গঠন পূর্বক দীর্ঘ স্বাক্ষ্য শুনানী শেষে অভিযোগ সন্দেহাতীত প্রমানিত হওয়ায় পেনাল কোড দ:বি ৩০২/১০৯ ধারায় দোষী প্রমানিত হওয়ায় বিজ্ঞ আদালত আসমীদেরকে যাবজ্জীবন কারাদন্ড ও ২০হাজার টাকা অর্থদন্ড অনাদায়ে আরও ১বছর সাজার আদেশ দিয়ে কারাগারে প্রেরণ করেন।

কুষ্টিয়ায় জমি জালিয়াতি প্রতারক চক্রের ৪ সদস্য আটক

কুষ্টিয়ায় এনআইডি জালিয়াতি করে অন্যের জমি বিক্রির অভিযোগে প্রতারক চক্রের ৪ সদস্যকে আটক করেছে পুলিশ। রোববার (৬ সেপ্টেম্বর) রাতে এক ভুক্তভোগীর অভিযোগের পরিপ্রেক্ষিতে পুলিশ তাদের আটক করে।

এ ঘটনায় জড়িত অন্য সদস্যদের গ্রেফতারে অভিযান অব্যাহত রয়েছে বলে পুলিশ জানিয়েছে।

কুষ্টিয়ার পুলিশ সুপার এসএম তানভীর আরাফাত জানান কুষ্টিয়া শহরের এম এম ওয়াদুদের পৈত্রিক সম্পত্তি কুষ্টিয়া শহরের একটি জালিয়াতি চক্র তাদের নামে জালিয়াতির মাধ্যমে ভুয়া এনআইডি কার্ড তৈরি করে মজমপুর মৌজার ২৫৭৫, ২৫৭৬, ২৫৮০, ২৫৮১ দাগের মধ্যে ০.২২ একর জমি বিক্রয় করে এবং কুষ্টিয়া মডেল থানাধীন মজমপুর, চৌড়হাস, বাহাদুরখালী মৌজার জমি জালিয়াতির মাধ্যমে ভুয়া দলিল তৈরি করে

আত্মসাতের চেষ্টা করে। এই জমি মিরপুর উপজেলার কাঠদাহ গ্রামের মহিবুল ইসলামের কাছে ৭৭ লাখ টাকায় বিক্রি করে প্রতারক চক্র।

ভুক্তভোগীদের অভিযোগপত্রের ভিত্তিতে গত রাতে পুলিশ ব্যাপক অভিযান চালিয়ে প্রতারক চক্রের ৪ সদস্যকে আটক করে। এর প্রতারণার সাথে জড়িত অন্যদেরও গ্রেফতারে অভিযান অব্যাহত রয়েছে।

জালিয়াতি চক্রের সাথে জড়িতরা হলেন মো. ওয়াদুল মিন্টু খন্দকার (৬০), মো. মিলন হোসেন (৩৮), ছানোয়ারা খাতুন (৫০), জাহানারা খাতুন (৪৫)।

ঘর পেল গাংনীর সেই অন্ধ পরিবার

প্রবাসীদের সহযোগিতায় বিশ্বস্ত স্বেচ্ছাসেবী সংস্থার উদ্যোগে ঘর পেল মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের ভবানীপুর গ্রামের সেই অন্ধ পরিবার।

ভাগ্যের কি নির্মম পরিহাস সংসারের একমাত্র আয়ের উৎস স্বামী শাহিন হোসেন। স্বামী ছাড়া পরিবারের তিনজনই অন্ধ প্রতিবন্ধী,স্ত্রী পারেছা খাতুন,বড় ছেলে পারভেজ(৪), ছোট ছেলে শাওন(২) অভাব অনটনের মধ্যেই তাদের জীবনের পথচলা। বিভিন্ন গণমাধ্যমে যখন ছড়িয়ে পড়ে তাদের এই অসহায়ত্বের কথা তখন তাদের দিকে সহযোগিতার হাত বাড়িয়ে দেয় প্রবাসী ও গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের ঝোড়াঘাট গ্রামের বিশ্বস্ত স্বাস্থ্যসেবী সংস্থা।

বিশ্বস্ত স্বাস্থ্যসেবী সংস্থার সভাপতি ইউসুফ আলী বলেন, আজ আমরা অনেক আনন্দিত। আমরা একটি অসহায় পরিবারের পাশে দাঁড়াতে পেরেছি। এটা সম্ভব হয়েছে আমাদের পরিশ্রম ও প্রবাসী ভাইদের জন্য, তাদের সহযোগিতায় আমরা এখানে একটি খাড়া টিন সেটের ঘর এই প্রতিবন্ধীদের হস্তান্তর করলাম। আমাদের এই ঘরটা নির্মাণ করতে ব্যয় হয়েছে ৫৩ হাজার টাকা। আমাদের এই সংগঠনে কাজ করছে ৫৪জন যুবক, যাদের নিরলস পরিশ্রম আমাদের দিনদিন সফলতার দিকে এগিয়ে নিয়ে যাচ্ছে। আমরা আরও একটি ঘরের কাজ হাতে নিয়েছি ইনশাল্লাহ সেই অসহায় পরিবারের হাতে হস্তান্তর করবো। আপনাদের সহযোগিতা আমাদের একান্ত কাম্য।

বিশ্বস্ত স্বাস্থ্যসেবী সংস্থার সহ-সভাপতি তরিকুল ইসলাম বলেন, আমরা এই অসহায় পরিবারের কথা শুনে প্রবাসী ভাইদের জানালে তারা আমাদের বিভিন্ন ভাবে সহযোগিতা করে।আমাদের সংস্থা ও প্রবাসী ভাইদের সহযোগিতায় ঘরটি নির্মাণ করে তাদের হাতে তুলে দিতে পেরে আমরা সত্যিই খুব আনন্দিত।

এছাড়াও আমরা ছয়টি অসহায় পরিবারের প্রতি মাসে যে বিদ্যুৎ বিল আসে তাপরিশোধ করি। রাতের আধারে মানুষের চলাচলের সুবিধার জন্য রাস্তায় ৫ টা এনার্জি লাইট বসানো হয়েছে।এছাড়াও এতিম, অসহায়, নিপীড়িত, নির্যাতিত ও অনাহারে দিন কাটাচ্ছে যে সকল পরিবার তাদের পাশে দাঁড়ানোই আমাদের মূল লক্ষ্য এতিম অসহায় শিশু যারা লেখাপড়া করতে পারে না তাদের বিনা পয়সায় প্রাইভেট পড়ানোর ব্যবস্থা করছি।

এসময় উপস্থিত ছিলেন সংগঠনের সদস্য বৃন্দ, দিপু, হৃদয়, সুমন, রুবেল, তুহিন, হাসিবুল, তুষার, শাহ আলম,আকাশ হাসান প্রমুখ।

মেহেরপুরে জেলা পুলিশের সচেতনতামূলক অভিজান ও মাস্ক বিতরণ

মেহেরপুর সদরে করোনা ভাইরাসের বিস্তার রোধে মানুষের বেপরোয়াভাবে চলাচলে জেলা পুলিশের সর্তকতামূলক অভিজান ও মাস্ক বিতরণ ।

সোমবার ১১ টায় মেহেরপুর শহরের হোটেল বাজার মোড় সহ বিভিন্ন স্থানে ইন্সপেক্টর আব্দুল আওয়াল এর নির্দেশে এই অভিজান পরিচালনা করা হয়।

এসময় তিনি বলেন মেহেরপুর জেলাতে করোনা ভাইরাসের বিস্তার দিন দিন বেড়েই চলেছে তাই আমাদের প্রত্যেককে নিজ নিজ অবস্থান থেকে সতর্ক থাকতে হবে এবং বাইরে আসলে মাক্স পড়ে চলাচল করতে হবে।

আমরা প্রতিনিয়ত এ অভিযান চালিয়ে যাচ্ছি ও মাস্ক বিতরন করছি। মাস্ক বিহীন চলাচল করলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে পৃথক অভিযানে ফেন্সিডিলসহ তিন মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে পৃথক জায়গায় অভিযান চালিয়ে ১৫ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

রবিবার দিবাগত রাতে এসআই তরিকুল ইসলামের নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার আশরাফপুর গ্রাম থেকে ৫ বোতল ফেন্সিডিলসহ দুজনকে আটক করা হয়। আটককৃতরা হলো, আশরাফপুর গ্রামের আশরাফ আলীর ছেলে তাজউদ্দীন(৪২) ও একই গ্রামের ক্লাব পাড়ার মৃত নেয়ামত মন্ডলের ছেলে মনিরুল ইসলাম(৪০)।

অপরদিকে গাংনী উপজেলার সহড়াতলা গ্রামে এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে ১০ বোতল ফেন্সিডিলসহ আরও এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটক মাদক ব্যবসায়ী আশরাফুল ইসলাম(২৪) সহড়াতলা গ্রামের সেন্টু মিয়ার ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, আটক আসামীদের বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেপ্র/এমএফআর